

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- স্বাঃঅধিঃ/বাজেট/এমএসআর/বরাদ্দ/২০২৩-২০২৪/ ৬৬৭০

তারিখঃ ২২/৬/২০২৩

‘অফিস আদেশ’

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, DHIS-২ এর প্রাপ্ত ডাটা অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বহিঃ বিভাগের রোগী সংখ্যা, জরুরী বিভাগের রোগীর সংখ্যা, অন্তঃবিভাগের রোগী সংখ্যা, বেড অকুপেন্সি রেইট ও পেসেন্ট ডে- এর ভিত্তিতে আনুপাতিক হারে গণনা করে সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (ইউনিয়ন সাবসেন্টারসহ) প্রাতিষ্ঠানিক কোড- ১২৭০২১২ এর বিপরীতে অর্থনৈতিক কোড ৩২৫২১০৫- চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি (এমএসআর) খাতে বাজেট বরাদ্দসহ আইবাসে অর্থ বিতরণ করা হয়েছে। প্রতিটি ইউনিয়ন সাবসেন্টারে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

প্রাতিষ্ঠানিক কোড ১২৭০২০৬-মডেল ফ্যামিলি প্ল্যানিং ক্লিনিক প্রতিটিতে ৩,৪৫,০০০/- (তিন লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা, প্রাতিষ্ঠানিক কোড ১২৭০২১৩-মেট্রো থানা স্বাস্থ্য কমপ্লেক্স ১(এক)টি-তে ৫০,১৪,০০০/- (পঞ্চাশ লক্ষ টেন্ড হাজার) টাকা, প্রাতিষ্ঠানিক কোড ১২৭০২২২- বিদ্যালয় স্বাস্থ্য কেন্দ্র প্রতিটিতে ৪,৩৪,৭০০/- (চার লক্ষ চৌত্রিশ হাজার সাতশত) টাকা এবং প্রাতিষ্ঠানিক কোড ১২৭০২২৬- নগর ঔষধালয় (আরবান ডিসপেনসারী) প্রতিটিতে ১৪,৫০,০০০/- (চৌদ্দ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আইবাসে অর্থ বরাদ্দ বিতরণ করা হয়েছে।

সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এবং সিভিল সার্জন মহোদয়গণ উক্ত ব্যয় সময়মত প্রক্রিয়াকরণে জ্ঞদারকি করবেন।

এম এস আর খাতে বিতরণকৃত অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৫.১৫৫.১১৪.০০.০০.০০১.২০১৫-১০৫৮ তারিখঃ ৩১/১০/২০১৮ খ্রিঃ এর বিভাজন মোতাবেক PPA-২০০৬ ও PPR-২০০৮ এবং আর্থিক ক্ষমতা অর্পন ২০১৫ (রাজস্ব অংশ) অনুসরণ পূর্বক অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব)-এ অন্তর্ভুক্তি সাপেক্ষে ৩১ শে ডিসেম্বর, ২০২৩ ইং তারিখের মধ্যে ব্যয় সুসম্পন্ন করতে হবে। অন্যথায়, ৩১ শে ডিসেম্বর, ২০২৩ ইং তারিখের পর অব্যয়িত অর্থ পুনঃবন্টনের মাধ্যমে প্রয়োজনীয়তার ভিত্তিতে ব্যয়ে সক্ষম অন্যান্য উপজেলায় অগ্রাধিকার ভিত্তিতে পুনঃ বরাদ্দ প্রদান করা হবে।

অত্র এম এস আর খাতের সকল ক্রয়ের ক্ষেত্রে ই-জিপি পদ্ধতিতে উন্মুক্ত দরপত্র প্রক্রিয়াকে অগ্রাধিকার প্রদান করতে হবে।

ইহাতে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

ডাঃ ফরিদা ইব্রাহিম
পরিচালক (অর্থ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

ই-মেইল: directorfinance@ld.gov.bd

টেলিফোনঃ ০২২২২২-৯৮৩৮০

অনুলিপি কার্যার্থে/ জ্ঞাতার্থে (জৈষ্ঠ্যতার ক্রম অনুসারে নহে);

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ- সহকারী পরিচালক (সমন্বয়)
- ২। অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক (এম, আই, এস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (অত্র অফিস আদেশ খানা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। উপ-সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। পরিচালক (স্বাস্থ্য) (সকল)।
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)।
- ৮। সহকারী পরিচালক (হিসাব), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। সিভিল সার্জন (সকল)।
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।
- ১১। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।